

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রকট অর্থ সংকট

উন্নয়নমূলক কার্যক্রম প্রায় বন্ধ

শে.কৃ.বি. সংবাদদাতা : ঢাকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে অর্থ সমস্যা বর্তমানে প্রকট আকার ধারণ করেছে। নতুন এই বিশ্ববিদ্যালয়ের উন্নয়নমূলক কার্যক্রম অর্ধের অভাবে প্রায় বন্ধ হবার পাথে। গত ২০০১-০২ এর ৯ জুলাই বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট থেকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থাপিত হওয়ার পর এ পর্যন্ত নতুন কোন অবকাঠামো তৈরী হয়নি। ১৯০৮ সালে বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট যেসব কাঠামোর ওপর প্রতিষ্ঠিত হয়েছিল বর্তমানেও তা রয়ে গেছে। জরুরীভিত্তিতে প্রশাসনিক ভবন, লাইব্রেরি ভবন, একাডেমিক ভবন নির্মাণের প্রয়োজন হলেও অর্ধের অভাবে কর্তৃপক্ষ কোনটিই করতে পারছে না। বিশ্বের কৃষি শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে প্রশাসন দেশেও কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনার জন্য নতুন কিছু বিষয় অণুভুক্ত করেছে। কিন্তু অর্ধের অভাবে এসব বিষয়ের অনুকূলে নেয়া হয়নি দক্ষ শিক্ষক। এছাড়া কৃষি

শিক্ষার অত্যাধুনিক যন্ত্রপাতিও অর্ধের অভাবে সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। মাত্র কৃষি অনুবদ নিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের যাত্রা হয়েছিল। মৎস্য ও কৃষি অর্থনীতি অনুবদ খোলার চিন্তা-ভাবনা থাকলেও অর্ধের অভাবে তা অচিরেই কার্যকর করা সম্ভব হচ্ছে না। একইভাবে বিএসসি, এলি (অনার্স) কোর্স পাস করার পর মাস্টার্স এবং আরো উচ্চ শিক্ষা গ্রহণের জন্য এখানে কোন ব্যবস্থা না থাকায় ছাত্র/ছাত্রীদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। এছাড়া শিক্ষক ও ছাত্রদের আবাসন ও যাতায়াতের জন্য পরিবহন সমস্যাসহ পুরাতন হলগুলো সংস্কারের সমস্যা রয়েছে। সূত্রে জানা গেছে, সরকারের বিভিন্ন জরুরী অনুদানের মাধ্যমে সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা চলছে। তবে এ অনুদান খুবই নগণ্য। অতি শ্রয়োজনীয় সমস্যাতুলে কাটিয়ে ওঠার জন্য বর্তমানে সরকারের নিকট হতে মোটামুটি অংকের জরুরী সাহায্যের প্রয়োজন।